বিডিনিউজ ওয়েবসাইট বন্ধ নিয়ে সরকারের বিরুদ্ধে অপপ্রচার

গত ১ সেপ্টেম্বর থেকে বিডিনিউজ২৪ এর নিউজ পোর্টাল লিংকে প্রবেশ করতে পারছেন না লাখো ব্যবহারকারী। বিডিনিউজ২৪ সাইটে প্রবেশ করতে গেলেই একটা বার্তা আসছে, যেখানে লেখা আছে “you are unable to access quintype.io”। এ নিয়ে সোশ্যাল মিডিয়াতে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

অনেকে বলতে চাইছেন, ভারত সফরে সালফান এফ রহমানকে অন্তর্ভুক্ত করতে চাচ্ছে না ভারত, এমন নিউজের কারণে বাংলাদেশের রেগুলেটরি কমিশন থেকে বিডিনিউজের ওয়েবসাইট ব্লক করে দেয়া হয়েছে। অথচ ভারতে হতে যাওয়া জি-২০ সম্মেলনে সালমান এফ রহমানকে অন্তর্ভুক্তি না করার বিষয়টি অনেক পত্রিকাই সংবাদ প্রকাশ করেছে। শুধুমাত্র বিডিনিউজ২৪ নিষেধাজ্ঞার কবলে পরবে এটা কোনো মতেই বিশ্বাসযোগ্য তথ্য নয়। চন্দন নন্দীর যে প্রতিবেদনের কারণে এই গুজব ডালপালা মেলেছে, সেই রিপোর্ট হুবুহু প্রকাশিত হয়েছে নর্থ ইস্ট নিউজ পোর্টালে। সেই নিউজের কোথাও সালফান এফ রহমানকে ভারত সফরের অন্তর্ভুক্তির প্রসঙ্গে কিছুই উল্লেখ নেই। রিপোর্টটি পুরোপুরি বাংলাদেশ ভারতের সম্পর্কের একটি বিশ্লেষণ।

এই গুজব ছড়ানোর মূল কারণ, বিডিনিউজের ইংরেজি পত্রিকায় চন্দন নন্দীর একটি লেখা খুঁজে না পাওয়া। বিডিনিউজের সাইটে “Caught in a cleft stick” নিবন্ধে ভারত বাংলাদেশের সম্পর্কের ফাটলের ব্যাপারে লেখাটি প্রকাশিত হয় ১ সেপ্টেম্বর রাত ১২ টার পর। আর বিডিনিউজ সাইট বন্ধ হয় একইদিন সকাল ১০টায়। সাংবাদিক চন্দন নন্দী তার বিশ্লেষণধর্মী লেখাটি বিডিনিউজে খুঁজে না পেয়ে “North east News” এর অনলাইন ভার্সনে আবার প্রকাশ করেন। সেখানে উনি উল্লেখ করেন বিডিনিউজে উনার লেখাটি প্রকাশিত হবার ২ ঘন্টার মধ্যে বিডিনিউজ২৪ পত্রিকা বন্ধ হয়ে যায়। চন্দন নন্দীর এই বক্তব্যের কারণেই গুজবটি ডালপালা ছড়ায়।

অনেকেই সামাজিক যোগাযোগমাধ্যমে অন্য আরেকটি প্রতিবেদনের লিংক সামনে এনেছেন। এলিভেটেড এক্সপ্রেসওয়ের কারণে যানজট বাড়বে এমন একটি প্রতিবেদন ১ সেপ্টেম্বর রাতে বিডিনিউজ করাতে নাকি সরকার এই সাইট বন্ধ করে দিয়েছে। অথচ এমন সংবাদ দৈনিক যুগান্তর, আজকের